সংবাদ

তারিখ 08 JUN 2016
পৃষ্ঠা ১১ কলাম ৩

# রাবি শিক্ষার্থীকে মারধরের প্রতিবাদে মহাসড়ক অবরোধ

প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয়

বাস ভাড়া নিয়ে বাকবিতণ্ডার জের ধরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) এক শিক্ষার্থীকে পিটিয়ে গুরুতর আহত করেছে বাস শ্রমিকরা। এ ঘটনার প্রতিবাদে দ্বিতীয় দিনের মতো সোমবার বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত ঢাকা-রাজশাহী মহসড়ক অবরোধ করে শিক্ষার্থীরা। আহত শিক্ষার্থীর নাম রায়হানুল ইসলাম। তিনি মার্কেটিং বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী। তাকে গুরুতর অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত শিক্ষার্থীর সহপাঠীরা জানান, তারা ছয় বন্ধু মিলে রোববার রাতে পাবনা থেকে রাজশাহী আসছিলেন। তারা পাবনার দাশুরিয়া থেকে রিচি পরিবহণের বাসে ওঠেন। বাসের সিট বরাদ্দ দেয়া শর্তে তাদের ছয় জনের ভাড়া ঠিক করা হয় ৪৮০ টাকা। কিন্তু বাসের হেল্পপার সিট না দেয়ায় ৬০ টাকা কমে তারা ৪২০ টাকা দেন। এ ঘটনাকে কেন্দ্র করে বাসের কন্ডাক্টরের সঙ্গে এক পর্যায়ে তাদের বাকবিতণ্ডা হয়। বাসটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিনোদপুর গেটের কাছে আসলে তারা বাস নামতে চান। কিন্তু তাদের নামতে না দিয়ে বাসের দরজা বন্ধ করে দেয়া হয়। এদের ছয় জনের মধ্যে চার জন কৌশলে বাস থেকে নেমে যেতে সক্ষম হলেও আটক থাকেন বাকি দুজন। ওই দুজন শিক্ষার্থীকে নিয়ে বাসটির ড্রাইভার স্ট্যান্ডে চলে যায়।

বাস থেকে নেমে একজন পালিয়ে যেতে সক্ষম হলেও রায়হানকে ধরে বাস স্ট্যান্ডের ২০-২৫ শ্রমিক পেটাতে থাকে। পরে তার সহাপাঠীরা রক্তাক্ত অবস্থ্যায় রায়হানকে উদ্ধার করে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। এদিকে মারধরের খবর শুনে মার্কেটিং বিভাগের শতাধিক শিক্ষার্থী রোববার রাত ১১টা থেকে ১ট পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ করে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনার বিষয়ে মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ন কবির বলেন, বাস শ্রমিকের সাথে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ঝামেলা হয়েছে। যার কারণে শিক্ষার্থীরা মহাসড়ক অবরোধ করেছে, তবে বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক আছে। এই ঘটনার মীমাংসার জন্য উভয় পক্ষের সাথে বসা হবে বলে তিনি জানান। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মজিবুল হক আজাদ খান বলেন, এ বিষয়ে একাধিকবার ছাত্র এবং পুলিশের উর্ধ্বতন কর্তাব্যক্তিদের সাথে কথা হয়েছে। সন্ধ্যার পরে বিষয়টি নিয়ে মীমাংসার জন্য বসা হবে।